গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০১৪.১৮-

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৫ / ১৮ নভেম্বর ২০১৮

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে প্রাপ্ত সন্তোষজনক পুলিশ প্রত্যায়ন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগতভাবে উপযুক্ততা প্রত্যায়নের পরিপ্রেক্ষিতে বিস্ফোরক পরিদপ্তরের সহকারী বিস্ফোরক পরিদর্শক পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে এবং এ প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদিতে নিম্নবর্ণিত প্রার্থীকে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রঃ নং | রেজিঃ নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|---|
| ১। | ০৯৩৮৯০ | জনাব মাহমুদ আশিক কবির<br>পিতা: আহমেদ কবির | গ্রাম: শালিয়া,<br>ডাকঘর: শালিয়া,<br>উপজেলা: ফুলপুর,<br>জেলা: ময়মনসিংহ। | গ্রাম: শালিয়া,<br>ডাকঘর: শালিয়া,<br>উপজেলা: ফুলপুর,<br>জেলা: ময়মনসিংহ। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ২। | ০১৭০৫২ | জনাব এস.এম. সাখাওয়াত হোসেন<br>পিতা: মো: মোশাররফ হোসেন | গ্রাম: গুপ্তি, ডাকঘর: গুপ্তি,<br>উপজেলা: ফরিদগঞ্জ,<br>জেলা: চাঁদপুর। | বাসা: ৩৫১/বি (ফ্ল্যাট-এ৬),<br>খিলগাঁও, ঢাকা-১২১৯। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৩। | ০৭৪৬৯৫ | জনাব মুহাম্মদ আবুল হাশেম<br>পিতা: মুহাম্মদ ওয়াহেদ আলী | গ্রাম: লছমনপুর (নয়াপাড়া,)<br>ডাকঘর: কুসুমহাটি,<br>উপজেলা: শেরপুর সদর,<br>জেলা: শেরপুর। | গ্রাম: লছমনপুর (নয়াপাড়া,)<br>ডাকঘর: কুসুমহাটি,<br>উপজেলা: শেরপুর সদর,<br>জেলা: শেরপুর। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৪। | ০৪৫৬১৯ | জনাব মুহাম্মদ মেহেদী ইসলাম খান<br>পিতা: মো: জহিরুল ইসলাম খান | গ্রাম: বড় পাইকোড়া,<br>ডাকঘর: তেতুলিয়া,<br>উপজেলা: মোহনগঞ্জ,<br>জেলা: নেত্রকোণা। | বাসা নং: জি=৫/২,<br>কৃষি বিশ্ববিদ্যালয়<br>আবাসিক এলাকা,<br>ময়মনসিংহ। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৫। | ৩০৫৬৬৪ | জনাব মো: আলিম উদ্দিন<br>পিতা: মাহমুদুল হক | হাদী বাড়ী, গ্রাম: দক্ষিণ বগাচতর, ডাকঘর: মহানগর-৪৩১১, উপজেলা: সীতাকুন্ড, জেলা: চট্টগ্রাম। | হাদী বাড়ী,<br>গ্রাম: দক্ষিণ বগাচতর,<br>ডাকঘর: মহানগর-৪৩১১,<br>উপজেলা: সীতাকুন্ড,<br>জেলা: চট্টগ্রাম। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৬। | ০৫৮৭৫১ | জনাব মো: মাহফুজুর রহমান<br>পিতা: মো: মশিউর রহমান | গ্রাম: দত্তপুঙ্গালী, ডাকঘর: দিঘলীয়া-৬৬৫০, উপজেলা: ফরিদপুর, জেলা: পাবনা। | গ্রাম: দত্তপুঙ্গালী, ডাকঘর: দিঘলীয়া-৬৬৫০, উপজেলা: ফরিদপুর, জেলা: পাবনা। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৭। | ০৯৩৫৮৯ | জনাব মো: মোজাহিদুল ইসলাম<br>পিতা: মো: আব্দুল ওয়াহাব | গ্রাম: গড়ফতেপুর,<br>ডাকঘর: সোনাতলা,<br>থানা: সোনাতলা,<br>জেলা: বগুড়া। | গ্রাম: গড়ফতেপুর,<br>ডাকঘর: সোনাতলা,<br>থানা: সোনাতলা,<br>জেলা: বগুড়া। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৮। | ০৫১৫৫৫ | জনাব মো: মামুনুর রশিদ<br>পিতা: মো: আত্তাব উদ্দীন | গ্রাম: রাংগীয়ার পোতা,<br>ডাকঘর: বদরগঞ্জ বাজার,<br>থানা: ঝিনাইদহ সদর,<br>জেলা: ঝিনাইদহ। | গ্রাম: রাংগীয়ার পোতা,<br>ডাকঘর: বদরগঞ্জ বাজার,<br>থানা: ঝিনাইদহ সদর,<br>জেলা: ঝিনাইদহ। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |
| ৯। | ০৯৮৪২৩ | বেগম সানজিদা আক্তার<br>পিতা: মো: আব্দুল লতিফ | খলিফা বাড়ী,<br>গ্রাম: চরজুজিরা,<br>ডাকঘর: মুলফৎগঞ্জ<br>থানা: নড়িয়া,<br>জেলা: শরীয়তপুর। | খলিফা বাড়ী, গ্রাম: চরজুজিরা,<br>ডাকঘর: মুলফৎগঞ্জ<br>থানা: নড়িয়া,<br>জেলা: শরীয়তপুর। | সহকারী বিস্ফোরক পরিদর্শক |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

<u>পূর্ব পৃষ্ঠার পর হতে:</u>

২। এ নিয়োগের শর্তাবলি নিম্নরূপ:

ক. প্রার্থীগণকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে দায়িত্ব পালন করতে হবে। শিক্ষানবিসকালে যদি তারা চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাদেরকে চাকরি হতে অপসারণ করা যাবে;

খ. কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হবে না, যে পর্যন্ত তিনি সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাস করেন ও প্রশিক্ষণ সাফল্যের সহিত সম্পন্ন করেন;

গ. শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাদেরকে সংশ্লিষ্ট পদে স্থায়ী করা যেতে পারে;

ঘ. তাদের ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তারা তাদের কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তাদের নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঙ. নিয়োগকৃত প্রার্থীদের জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে ও চাকরির অন্যান্য শর্তাবলির ক্ষেত্রে বিস্ফোরক পরিদপ্তরের বিদ্যমান (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা প্রযোজ্য হবে;

চ. যদি প্রার্থীগণ কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ছ. কর্তৃপক্ষের নির্দেশে নিয়োগকৃত প্রার্থীগণ বাংলাদেশের যে কোন অঞ্চলে চাকরি করতে বাধ্য থাকবেন;

জ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে নিয়োগকৃত প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

ঝ. The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রর্থীগণকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী পরিদপ্তরে জমা দিতে হবে;

ঞ. এ চাকরিতে যোগদানের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

৩। উপরে বর্ণিত শর্তাবলি প্রার্থীগণের নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে প্রজ্ঞাপন ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তারা প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর নিকট যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তারা চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**স্বাক্ষরিত/-**
**(মো. জহির রায়হান)**
যুগ্মসচিব
ফোন নং: ৯৫৫১১৪৩

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০১৪.১৮-৬৮৫

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৫
১৮ নভেম্বর ২০১৮

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৮। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, এজিবি (সি) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। জনাব/বেগম ..........................................................................

১৮.১১.২০১৮
(মো. জহির রায়হান)
যুগ্মসচিব

ICT